

ত্রিপুরা সরকার  
তথ্য ও সংস্কৃতি অধিকার

\*\*\*\*\*

স-৩৪০৪

আগরতলা, ১৮ অক্টোবর, ২০২৩

সদর ও মোহনপুর মহকুমার ভারত-বাংলাদেশ  
সীমান্তে জনসাধারণের চলাচলের উপর বিধিনিষেধ

জনজীবনে শান্তি ও সুস্থিতি বজায় রাখার লক্ষ্যে পশ্চিম ত্রিপুরা জেলার জেলাশাসক ডা. বিশাল কুমার ভারতীয় ফৌজদারি দণ্ডবিধি ১৯৭৩'র ১৪৪ ধারা অনুযায়ী জেলার সদর ও মোহনপুর মহকুমার ভারত-বাংলাদেশ সীমান্তে জনসাধারণের চলাচলের উপর কিছু বিধিনিষেধ আরোপ করেছেন। এই দুই মহকুমার ভারত-বাংলাদেশ সীমান্তে ৫০০ মিটার এলাকায় এই বিধিনিষেধ জারি করা হয়েছে। এই আদেশ আগামী ২০ অক্টোবর, ২০২৩ থেকে কার্যকর হবে এবং তা ১৯ ডিসেম্বর, ২০২৩ পর্যন্ত বলবৎ থাকবে। এই সময়ে প্রতিদিন রাত ৮টা থেকে পরদিন সকাল ৫টা পর্যন্ত এই আদেশ কার্যকর হবে। তবে শান্তি শৃঙ্খলা রক্ষার কাজে নিযুক্ত সামরিক, আধাসামরিক, রাজ্য পুলিশ বাহিনীর সদস্যগণ, পশ্চিম জেলার পুলিশ সুপার এবং সদর ও মোহনপুর মহকুমার মহকুমা শাসকদের জারি করা বৈধ অনুমতিপ্রাপ্ত ব্যক্তি, জরুরী সরকারি কাজে নিযুক্ত সরকারি কর্মচারি ও অবিলম্বে চিকিৎসা প্রয়োজন এমন ব্যক্তি এই বিধিনিষেধের আওতার বাইরে থাকবেন। এই আদেশ অমান্যকারীদের বিরুদ্ধে আইপিসি'র ১৮৮ ধারা অনুযায়ী শাস্তিমূলক ব্যবস্থা নেওয়া হবে।

\*\*\*\*\*